

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৬

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ কুরআন শিক্ষা দেওয়ার ব্যাপারে উৎসাহ প্রদান, যদিও সে ব্যক্তি পরিপূর্ণভাবে শিক্ষা করতে না পারে

ذِكْنُ الْحَتِّ عَلَى تَعْلِيمٍ كِتَابِ اللَّهِ وَإِنْ لَمْ يَتَعَلَّمِ الْإِنْسَانُ بِالتَّمَامِ

## আরবী

أَخْبَرَنَا الْفَصْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ حَدَّتَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّتَنَا عَلِيُّ بْنُ الْمُبَارَكِ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ زَيْدِ بْنِ سَلَّامٍ عَنْ جَدِّهِ عَنْ أَبِي أُمَامَةَ قَالَ: قَالَ الْمُبَارَكِ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ زَيْدِ بْنِ سَلَّامٍ عَنْ جَدِّهِ عَنْ أَبِي أُمَامَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "تَعَلَّمُوا الْقُرْآنَ فَإِنَّهُ يَأْتِي يَوْمَ الْقِيَامَةِ شَافِعًا لِأَصْحَابِهِ وَعَلَيْكُمْ بِالزَّهْرَاوَيْنِ الْبَقَرَةِ وَآلِ عِمْرَانَ فَإِنَّهُمَا تَأْتِيَانِ يَوْمَ الْقِيَامَةِ كَأَنَّهُمَا غَمَامَتَانِ أَوْ وَعَلَيْكُمْ بِالزَّهْرَاوَيْنِ الْبَقَرَةِ وَآلِ عِمْرَانَ فَإِنَّهُمَا تَأْتِيَانِ يَوْمَ الْقِيَامَةِ كَأَنَّهُمَا غَمَامَتَانِ أَوْ كَالَيْكُمْ بِالزَّهُمَا غَيَايَتَان أَوْ فِرْقَانِ مِنْ طَيْرٍ تُحَاجَّانِ عَنْ أَصِحَابِهِمَا وَعَلَيْكُمْ بِسُورَةِ الْبَقَرَةِ فَإِنَّ كَالَّهُ كَاللَّهُ الْبَعَرَةِ فَإِنَّ كُمْ بَسُورَةِ الْبَقَرَةِ فَإِنَّ كَانَان أَوْ فِرْقَانِ مِنْ طَيْرٍ تُحَاجَّانِ عَنْ أَصِدَابِهِمَا وَعَلَيْكُمْ بِسُورَةِ الْبَقَرَةِ فَإِنَّ كَابَانَ أَوْ فِرْقَانِ مِنْ طَيْرٍ تُحَاجَّانِ عَنْ أَصْحَابِهِمَا وَعَلَيْكُمْ بِسُورَةِ الْبَقَرَةِ فَإِنَّ الْبَطَلَةُ اللّهُ لَا بَرَكَةٌ وَتَرْكَهَا حَسْرَةً وَلَا يَسْتَطِيعُهَا الْبَطَلَةُ "

الراوي: أبو أمامة الباهلي ا المحدث: شعيب الأرنؤوط ا المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 116 | خلاصة حكم المحدث: صحيح

## বাংলা

১১৬. আবু উমামা আল বাহিলী রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তোমরা কুরআন শিক্ষা করো, কেননা কুরআন কিয়ামতের দিন তার পাঠকের জন্য সুপারিশকারী হিসেবে আবির্ভূত হবে। তোমাদের জন্য উচিৎ উজ্জ্বল দুটি সূরা অর্থাৎ সূরা আল বাকারা ও সূরা আল ইমরান পড়ো, কেননা সূরা দুটি কিয়ামতের দিন দুই খন্ড মেঘ, দুটি ছায়া অথবা দুই ঝাঁক পাখি হিসেবে আবির্ভূত হবে, সূরা দুটি তার পাঠকের পক্ষে কথা বলবে। তোমাদের জন্য উচিৎ হলো সূরা বাকারা পাঠ করা, কেননা এটি গ্রহনে বারাকাহ রয়েছে এবং এটি পরিত্যাগে রয়েছে পরিতাপ, আর বাতিলপন্থী তথা যাদুকরেরা এর মোকাবিলা করতে পারে না।"[1]

## ফুটনোট



[1] সহীহ মুসলিম: ৮০৪; তাবারানী: ৭৫৪৩; ইমাম বাগাবী, শারহুস সুন্নাহ: ১১৯৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৫৯৯১। আল্লামা শুআইব আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ আখ্যা দিয়েছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসার মুসলিম: ২০৯৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন